# চুক্তিনামা

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের খাগড়াছড়ি পার্বত্য জেলার বিষয়াদি খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তর

সমন্বয়ে ঃ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ।

# খাগড়াছড়ি পার্বত্য জেলাধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর বিষয়াদি, জনবল ও পরিসম্পদ খাগড়াছড়ি জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তরের চুক্তিনামা

যেহেতু খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২০ নং আইন, যা ১৯৯৮ সনের ১০ নং আইন দ্বারা সংশোধিত) এর ধারা ২২ এর ১ম তফসিলের ৪(ক) নং ক্রমিকে উল্লেখিত কার্যাবলী বাস্তবায়নের নিমিত্ত সরকার জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তর করতে ইচ্ছা প্রকাশ করেছেন ; এবং

যেহেতু সরকার ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মধ্যে এ বিষয়ে আলোচনা হয়েছে এবং উক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ খাগড়াছড়ি পার্বত্য জেলায় অবস্থিত স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর জনবল ও পরিসম্পদ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে নিতে সম্মত হয়েছে ;

সেহেতু সরকার উপরিউক্ত আইনের ২৩(খ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের সম্মতিক্রমে খাগড়াছড়ি পার্বত্য জেলায় অবস্থিত স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর বিষয়াদি জনবল ও পরিসম্পদসমূহ নিম্নের শর্ত সাপেক্ষে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তর করলেন।

(ক) কার্যাবলী ঃ

(১) স্বাস্থ্য বিভাগের সকল ভবন, হাসপাতাল, ডাক্তারখানা, প্রাথমিক চিকিৎসা কেন্দ্র, ডিসপেনসারী ও সকল স্থাপনার নির্মাণ, পুনঃ নির্মাণ ও রক্ষনাবেক্ষণ।

(২) পরিবার পরিকল্পনা বিভাগের সকল ভবন, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র, মা ও শিশু স্বাস্থ্য কেন্দ্র এবং সকল স্থাপনার নির্মাণ, পুনঃ নির্মাণ ও রক্ষনাবেক্ষণ।

(৩) সংশ্লিষ্ট স্বাস্থ্য অবকাঠামো/প্রতিষ্ঠানসমূহ জনস্বার্থে কার্যোপযোগী রাখা।

(খ) জনবল ঃ

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি জেলার সকল কর্মকর্তা ও কর্মচারী।

(গ) বেতনভাতাসহ সকল ব্যয় ঃ

রাজস্ব ও উন্নয়ন খাতের কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন, ভাতাসহ কার্যালয় সংশ্লিষ্ট অন্যান্য ব্যয় খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এর নিকট স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রধান কার্যালয়ের মাধ্যমে ন্যস্ত করা হলো।

(ঘ) নিয়োগ, বদলী ও শৃংখলা ঃ

(১) কর্মকর্তাগণের নিয়োগ, বদলী, ছুটি, প্রশিক্ষণ ও শৃংখলামূলক ব্যবস্থা ইত্যাদি সরকারের প্রচলিত বিধি বিধান ও নিয়মানুসারে পরিচালিত হবে। তাঁরা পরিষদের অধীনে প্রেষণে নিয়োজিত থাকবেন।

(২) খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর পদে পরিষদের বিধি /প্রবিধান অনুযায়ী নিয়োগ, পদোন্নতি ও শংৃঙ্খলামূলক ব্যবস্থা ইত্যাদি গ্রহণ করতে পারবেন।

(৩) পরিষদের বিধি/প্রবিধান প্রণীত না হওয়া পর্যন্ত সকল কর্মকর্তা ও কর্মচারী প্রেষণে নিয়োজিত বলে গণ্য হবেন এবং প্রচলিত সরকারী বিধি /প্রবিধি /আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবেন।

(৪) প্রেষণে নিয়োজিত কর্মকর্তাকে স্বাভাবিকভাবে মেয়াদ পূর্তির পূর্বে অন্য জেলায় বদলী করার প্রয়োজন হলে সেক্ষেত্রে পার্বত্য জেলা পরিষদ এর মতামত গ্রহণ করতে হবে।

(ঙ) ছুটি ঃ

(১) জেলা পরিষদের চেয়ারম্যান এবং চেয়ারম্যান এর অনুপস্থিতিতে তাঁর দ্বারা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা (যিনি আবেদনকারী কর্মকর্তার নিম্নপর্যায়ের কোন কর্মকর্তা হবেন না) উপ-সহকারী প্রকৌশলীর নৈমিত্তিক ছুটি মঞ্জুর করবেন। অন্যান্য কর্মচারীদের ক্ষেত্রে উপ-সহকারী প্রকৌশলী বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নৈমিত্তিক ছুটি মঞ্জুর করবেন।

চলমান পাতা-২

(২) অর্জিত ছুটি ও অন্যান্য ঃ
সরকারের বিদ্যমান ছুটি বিধিমালা প্রযোজ্য হবে। সকল কর্মকর্তার এতদসংক্রান্ত আবেদন ও অন্যান্য কাগজপত্র জেলা পরিষদের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।

(চ) বার্ষিক গোপনীয় অনুবেদন ঃ

(১) উপ-সহকারী প্রকৌশলীর বার্ষিক গোপনীয় অনুবেদন জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা লিখবেন এবং পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রতিস্বাক্ষরের পর যথাযথ কর্তৃপক্ষের নিকট সংরক্ষণের জন্য প্রেরণ করবেন।

(২) অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে প্রচলিত নিয়ম বহাল থাকবে।

(ছ) উন্নয়ন ও অন্যান্য বিষয়াদি সংক্রান্ত কার্যক্রম ঃ

(১) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রীয়ভাবে গৃহীত প্রকল্প সমূহ সংশ্লিষ্ট Operation Plan এবং উন্নয়ন প্রকল্প দলিল অনুযায়ী স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়ন করবে।

(২) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ যৌথভাবে চুক্তিতে বর্ণিত বিধান সমূহ প্রয়োজনবোধে পর্যালোচনা করবেন এবং জনস্বার্থে ঐক্যমত্যের ভিত্তিতে এ চুক্তি পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করতে পারবেন।

(৩) চুক্তি বাস্তবায়ন ও ব্যাখ্যার ব্যাপারে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মধ্যে কোন বিরোধ দেখা দিলে বিষয়টি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় যৌথ সভার মাধ্যমে নিস্পত্তি করবে।

(জ) অন্যান্য বিষয় ঃ

(১) চুক্তিনামায় যে সব বিষয় বর্ণিত বা অন্তর্ভূক্ত হয়নি, সে সব বিষয় সরকারের বিদ্যমান ও প্রয়োজ্য আইন/বিধি/বিধিমালা অনুযায়ী পরিচালিত হবে।

(২) কেন্দ্রীয়ভাবে গৃহীত ও নিয়ন্ত্রিত প্রকল্পের পরিসম্পদ ব্যতিরেকে অত্র চুক্তিনামার আওতায় হস্তান্তরিত বিষয় সংশ্লিষ্ট স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর নিজস্ব পরিসম্পদ আপাততঃ ব্যবহারের ক্ষমতা পরিষদের থাকবে এবং এসব পরিসম্পদের রক্ষনাবেক্ষনের দায়িত্ব পরিষদ পালন করবে।

(৩) কেন্দ্রীয়ভাবে গৃহীত প্রকল্প বাস্তবায়নের সর্বপর্যায়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় খাগড়াছড়ি জেলা পরিষদকে অবহিত রাখবে।

২। এই চুক্তি অদ্য ৮ নভেম্বর,২০১২ খ্রিঃ/ ২৪ কার্তিক, ১৪১৯ বঙ্গাব্দ হতে কার্যকর হবে।

আমরা এ চুক্তিনামার উপরে উল্লেখিত বিষয়গুলি বর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করতে সম্মতি জ্ঞাপন করলাম।

(কুজেন্দ্র লাল ত্রিপুরা)
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

(মো: শফিকুল ইসলাম লস্কর)
অতিরিক্ত সচিব(জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

পর্যবেক্ষক

৮/১১

(নব বিক্রম কিশোর ত্রিপুরা,এনডিসি)
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়